

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ১৯, ২০১২

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৯ জুন, ২০১২/৫ আষাঢ়, ১৪১৯

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনগুলি ১৯ জুন, ২০১২/৫ আষাঢ়, ১৪১৯ তারিখে
রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনগুলি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ
করা যাইতেছে :—

২০১২ সনের ১৬ নং আইন

**Prime Minister's (Remuneration and Privileges) Act, 1975 এর
অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Prime Minister's (Remuneration and
Privileges) Act, 1975 (Act No. IX of 1975) এর অধিকতর সংশোধন সমীচীন ও
প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন Prime Minister's (Remuneration
and Privileges) (Amendment) Act, 2012 নামে অভিহিত হইবে।

(২) এই আইন ০১ জুলাই, ২০১১ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **Act No. IX of 1975** এর section 3 এর সংশোধন।—Prime Minister's
(Remuneration and Privileges) Act, 1975 (Act No. IX of 1975) এর section 3 এ
উল্লিখিত “free of income tax” শব্দগুলি বিলুপ্ত হইবে।

(৮৯৬১৫)

মূল্য : টাকা ৮.০০

২০১২ সনের ১৭ নং আইন

Ministers, Ministers of State and Deputy Ministers (Remuneration and Privileges) Act, 1973 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Ministers, Ministers of State and Deputy Ministers (Remuneration and Privileges) Act, 1973 (Act No. IV of 1973)-এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন Ministers, Ministers of State and Deputy Ministers (Remuneration and Privileges) (Amendment) Act, 2012 নামে অভিহিত হইবে।

(২) এই আইন ০১ জুলাই, ২০১১ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **Act No. IV of 1973** এর section 3 এর সংশোধন।—Ministers, Ministers of State and Deputy Ministers (Remuneration and Privileges) Act, 1973 (Act No. IV of 1973) এর section 3 এর

(ক) sub-section (2) বিলুপ্ত হইবে; এবং

(খ) sub-section (1) এর সংখ্যা “1” এবং বন্ধনী বিলুপ্ত হইবে।

মোঃ মাহফুজুর রহমান
ভারপ্রাপ্ত সচিব।